

রাকসু নির্বাচন ও পোষ্য কোটা নিয়ে সিদ্ধান্ত জানাল রাবি সিভিকেট

অনলাইন ডেক্স



ফাইল ছবি

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি)

পোষ্য কোটার ভর্তি কার্যক্রম স্থগিত করেছেন উপাচার্য অধ্যাপক

ড. সালেহ হাসান নকীব।

এ বিষয়ে সিদ্ধান্ত নিতে আজ রবিবার বিকেল ৩টায় সিভিকেটের

মিটিং আহ্বান করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সিভিকেট সভায়

পোষ্যকোটা স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

এদিকে চলমান পরিস্থিতিতে রাকসু নির্বাচন নিয়ে যে অনিশ্চয়তা

তৈরি হয়েছিল তারও অবসান ঘটল সিভিকেটের সিদ্ধান্ত।

সিভিকেট সভায় পূর্ব নির্ধারিত ২৫ সেপ্টেম্বরেই রাকসু নির্বাচন

অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

এ ছাড়া গতকাল শনিবারের ধন্তাধন্তির ঘটনা তদন্তের জন্য ৫

সদস্যের কমিটি গঠন করা হয়েছে সিভিকেট সভায়।

সিভিকেট সভা শেষে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক

ইফতিখারুল আলম মাসউদ সাংবাদিকদের এসব তথ্য জানান।